


# ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের 'বি ও ই' ইউনিট ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর বিভিন্ন কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের 'বি ও ই' ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা মুক্তিযোদ্ধার সন্তান কোটা/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা, পোষ্য (ওয়ার্ড) কোটা, উপজাতি কোটা, শারীরিক প্রতিবন্ধি কোটা এবং খেলোয়াড় কোটায় আবেদন করেছে তাদের সাক্ষাৎকার আগামী ১০/১২/২০১৬ তারিখ শনিবার সকাল ৯.০০টা থেকে বেলা ১.০০টা পর্যন্ত ডীন, কলা অনুষদের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধার সন্তানদের মনোনয়নের পর আসন শূণ্য থাকা সাপেক্ষে মুক্তিযোদ্ধার নাতি-নাতনিরা বিবেচিত হবে।

## ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জন্য জ্ঞাতব্যঃ

- ১। প্রার্থীদের পিতা-মাতা, নানা-নানী ও দাদা-দাদীর মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদানকৃত মূল সনদ (নানা-নানী ও দাদা-দাদীর সাথে পিতা-মাতার সম্পর্কের প্রমাণপত্র হিসেবে তাদের সকলের জাতীয় পরিচয়পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে), প্রতিবন্ধীর মূলসনদ, উপজাতির গোত্র প্রধান/স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নাগরিক প্রত্যয়ন পত্র এবং ওয়ার্ড কোটায় যারা আবেদন করেছে তাদের বিভাগ/দপ্তর প্রধানের প্রদত্ত প্রত্যয়ন পত্র সঙ্গে নিয়ে আসতে হবে।
- ২। নির্দিষ্ট মেধাক্রমধারীদের মধ্য থেকে মেধাক্রমানুযায়ী এবং অন্যান্য শর্তাবলী পূরণ ও আসন শূণ্য থাকা সাপেক্ষে ছাত্র-ছাত্রীদের বিষয়ভিত্তিক ভর্তির অনুমোদন দেয়া হবে।
- ৩। কোন প্রার্থী নির্ধারিত তারিখে সাক্ষাৎকারে উপস্থিত না হলে পরবর্তীতে তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।
- ৪। প্রার্থীকে ভর্তি পরীক্ষার ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র, মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র, প্রশংসাপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে নিয়ে আসতে হবে।

  
(প্রফেসর ড. মোহাম্মদ সেলিম) ২৩/১১/২০১৬

সভাপতি

'বি/ই' ইউনিট, ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ

ও

ডীন

কলা অনুষদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## কার্যার্থে অনুলিপিঃ

- ০১। ডীন, আইন অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান(কলা অনুষদের সকল বিভাগ), জবি, ঢাকা।
- ০৩। রেজিস্ট্রার, জবি, ঢাকা।
- ০৪। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ দেয়ার জন্য) জবি, ঢাকা।
- ০৫। ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য) জবি, ঢাকা।
- ০৬। সহ-পরিচালক, জনসংযোগ তথ্য ও প্রকাশনা দপ্তর, (বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারের জন্য) জবি।
- ০৭। অফিস নথি।